

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ বিভিন্ন সময়ের দো'আ সমূহ (الدعوات في الأوقات) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

১৩. সাইয়িদুল ইন্তিগফার (সাইয়েদুল ইন্তেগফার - Sayedul istegfar) বা ক্ষমা প্রার্থনার শ্রেষ্ঠ দো'আ

রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, 'যে ব্যক্তি দৃঢ় বিশ্বাসের সাথে এই দো'আ পাঠ করবে, দিনে পাঠ করে রাতে মারা গেলে কিংবা রাতে পাঠ করে দিনে মারা গেলে, সে জান্নাতী হবে'।

ٱللَّهُمَّ أَنْتَ رَبِّيْ لآ إِلهَ إلاَّ أَنْتَ خَلَقْتَنِيْ وَأَنَا عَبْدُكَ وَأَنَا عَلى عَهْدِكَ وَوَعْدِكَ مَا اسْتَطَعْتُ، أَعُوْذُبِكَ مِنْ شَرِّمَا صَنَعْتُ، أَبُوْءُ لِلَّ أَنْتَ صَنَعْتُ، أَبُوْءُ لِلَّ أَنْتَ

উচ্চারণ : আল্লা-হুম্মা আনতা রব্বী লা ইলা-হা ইল্লা আনতা খালাক্কতানী, ওয়া আনা 'আবদুকা ওয়া আনা 'আলা 'আহদিকা ওয়া ওয়া'দিকা মাসতাত্বা'তু, আ'উযুবিকা মিন শার্রি মা ছানা'তু। আবৃউ লাকা বিনি'মাতিকা 'আলাইয়া ওয়া আবৃউ বিযামী ফাগফিরলী ফাইন্নাহু লা ইয়াগফিরুয্ যুনুবা ইল্লা আনতা।

অর্থ: 'হে আল্লাহ! তুমি আমার পালনকর্তা। তুমি ব্যতীত কোন উপাস্য নেই। তুমি আমাকে সৃষ্টি করেছ। আমি তোমার দাস। আমি আমার সাধ্যমত তোমার নিকটে দেওয়া অঙ্গীকারে ও প্রতিশ্রুতিতে দৃঢ় আছি। আমি আমার কৃতকর্মের অনিষ্ট হ'তে তোমার নিকটে আশ্রয় প্রার্থনা করছি। আমি আমার উপরে তোমার দেওয়া অনুগ্রহকে স্বীকার করছি এবং আমি আমার গোনাহের স্বীকৃতি দিচ্ছি। অতএব তুমি আমাকে ক্ষমা কর। কেননা তুমি ব্যতীত পাপসমূহ ক্ষমা করার কেউ নেই'। [105]

ফুটনোট

[105] . বুখারী, মিশকাত হা/২৩৩৫ 'দো'আ সমূহ' অধ্যায়-৯, 'ইস্তিগফার ও তওবা' অনুচ্ছেদ-৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9272

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন